# খেলা

আজকাল কলকাতা বৃহস্পতিবার ১৫ মে ২০২৫

## ২৩ মে নামবেন পোল্যান্ডের প্রতিযোগিতায়

# নীরজ এখন সাম্মানিক লেফটেন্যান্ট কর্নেল

আজকালের প্রতিবেদন

অলিম্পিকে দু'বারের পদকজয়ী নীরজ চোপড়ার মুকুটে জুড়ল নতুন পালক। ভারতের কিংবদন্তি এই জ্যাভেলিন থ্রোয়ারকে টেরিটোরিয়াল আর্মির সাম্মানিক লেফটেন্যান্ট কর্নেল হিসেবে ঘোষণা করল দেশের প্রতিরক্ষা মন্ত্রক। তিন বছর আগে পদ্মশ্রী সম্মানে ভূষিত নীরজ টোকিও অলিম্পিকে সোনা এবং প্যারিস অলিম্পিকে রুপো পেয়েছিলেন। ভারতীয় সেনাবাহিনীতে নীরজ নায়েব সুবেদার হয়েছিলেন ২০১৬–র ২৬ আগস্ট। টোকিওয় সোনা জেতার পর ২০২১–এ সুবেদার হিসেবে পদোন্নতি হয় তাঁর। উল্লেখ্য, এর আগেও ভারতীয় ক্রীড়াবিদদের সাম্মানিক পদ দেওয়া হয়েছে। ২০০৮ বেজিং অলিম্পিকে সোনাজয়ী শুটার অভিনব বিন্দ্রাকে সাম্মানিক লেফটেন্যান্ট কর্নেল করা হয়েছিল। ২০১২ লন্ডন অলিম্পিকে রুপোজয়ী বিজয় কুমারকে করা হয়েছিল সাম্মানিক ক্যাপ্টেন। ২০১১–য় দেশকে একদিনের বিশ্বকাপ জেতানোর পর ভারত অধিনায়ক মহেন্দ্র সিং ধোনিকেও টেরিটোরিয়াল আর্মির সাম্মানিক লেফটেন্যান্ট কর্নেল করা হয়েছিল। এবার সেই একই সম্মানে ভূষিত হলেন নীরজ।

অন্য দিকে, ২৪ মে বেঙ্গালুরুতে হওয়ার কথা ছিল 'নীরজ চোপড়া ক্লাসিক'। কিন্তু ভারত–পাকিস্তান সঙ্ঘর্ষের আবহে সেই প্রতিযোগিতা স্থগিত রাখা হয়েছে। তাই ২৩ মে পোল্যান্ডে একটি প্রতিযোগিতায় নামবেন নীরজ। সেখানে নীরজকে লড়তে হবে গ্রেনাডার অ্যান্ডারসন পিটার্স, জার্মানির জুলিয়ান ওয়েবার, পোল্যান্ডের মার্সিন ক্রুকোওস্কির মতো নামী জ্যাভেলিন তারকাদের সঙ্গে। এটা হবে মরশুমে নীরজের তৃতীয় প্রতিযোগিতা। ১৬ এপ্রিল দক্ষিণ আফ্রিকার পোচেস্ট্রুমে একটি আমন্ত্রণী প্রতিযোগিতায় প্রথম হয়েছিলেন। সেদিন নীরজ ছুড়েছিলেন ৮৪.৫২ মিটার। ১৬ মে দোহায় ডায়মন্ড লিগে নামবেন। তারপর পাড়ি দেবেন পোল্যান্ডে।

# 'আগামী'ই ভরসা ইস্টবেঙ্গলের

আজকালের প্রতিবেদন

গত বছর দলগঠনে বেশ কিছু চমক দিয়েও সাফল্য আসেনি। মরশুম শেষে ইস্টবেঙ্গল সমর্থকরা ডুবেছিলেন সেই চেনা হতাশায়। এবছর সাফল্যের দিকে চোখ রেখেই পরিকল্পনামাফিক দল গড়ার চেষ্টা করছেন ইস্টবেঙ্গল রিক্রুটাররা। একদিকে যেমন আগামী মরশুমের জন্য দল শক্তিশালী করছেন, ঠিক তেমনই ভিত তৈরি করছেন আগামীর। শেষ বছর থেকেই দলের গড় বয়স কমানোর দিকে লক্ষ্য দিয়েছে ইস্টবেঙ্গল। দলে রয়েছেন আনোয়ার আলি, জিকসন সিং, প্রভসুখন সিং গিলের মতো কম বয়সি প্রতিভাবান ফুটবলাররা। তবে, চলতি মরশুমে ইস্টবেঙ্গল রিক্রুটারদের পরিকল্পনায় একটা ছাপ স্পষ্ট। ভারতীয় ফুটবলের আক্রমণভাগের 'আগামী' নিজেদের দখলেই রাখতে চাইছে ইস্টবেঙ্গল।

এই প্রতিবেদনে আলোচনা করা হবে মূলত তিনটি নাম নিয়ে। এদের মধ্যে দুজন গতবারও ইস্টবেঙ্গলে ছিলেন। প্রথম নাম ডেভিড লালহানসাঙ্গা। এই ভারতীয় স্ট্রাইকারের বয়স ২৩ বছর। ইস্টবেঙ্গলের সঙ্গে চুক্তি ২০২৬–২৭ মরশুম পর্যন্ত। গত মরশুমে কোনও এক 'অদ্ভুত' কারণে তিনি প্রায় সুযোগই পাননি। তবে যেটুকু সুযোগ পেয়েছেন, গোল করেছেন। এমনকী অনেক কম সময় মাঠে থেকেও তাঁর পরিসংখ্যান দলের মূল স্ট্রাইকার দিমিত্রিয়স দিয়ামানতাকোসের থেকে ভাল। নিজেকে ধরে রাখতে পারলে ডেভিড আগামীতে ভারতীয় ফুটবলের বড় ভরসা হতে পারেন। দ্বিতীয় নাম পিভি বিষ্ণু। বয়স ২৩ বছর। কেরলের এই গতিশীল উইঙ্গারের সঙ্গে ইস্টবেঙ্গলের চুক্তি ছিল ২০২৫–২৬ পর্যন্ত। কিন্তু একাধিক ক্লাবের নজর থাকায় ইস্টবেঙ্গল আরও দু'বছর চুক্তি বাড়িয়ে নিয়েছে। উইং থেকে অপ্রতিরোধ্য গতিতে বক্সে ঢুকে গোল করতে এবং করাতে পারেন। তিনিও ভারতীয় ফুটবলের অন্যতম ভবিষ্যৎ। আর তৃতীয় নাম নবতম রিক্রুট এডমুন্ড লালরিনডিকা। ২৬ বছরের এই স্ট্রাইকারকে ইন্টার কাশীর থেকে বিপুল পরিমাণ ট্রান্সফার ফি দিয়ে লম্বা সময়ের জন্য দলে নিয়েছে ইস্টবেঙ্গল। শেষ আই লিগে ৪টি গোল এবং ৫টি অ্যাসিস্ট করেছেন। আই লিগের ফুটবলার হয়েও ডাক পেয়েছেন জাতীয় শিবিরে। এই তিন তরুণ অ্যাটাকার যদি লাল–হলুদ জার্সিতে প্রত্যাশামাফিক খেলতে পারেন, তাহলে মরশুম শেষে ইস্টবেঙ্গল সমর্থকদের চেনা হতাশার ছবিটা বদলাতেও পারে।

পিভি বিষ্ণু

ডেভিড লালহানসাঙ্গা

এডমুন্ড লালরিনডিকা

# ফ্রেঞ্চ ওপেনে নাদাল ফিরলেন নতুন রূপে

আজকালের প্রতিবেদন

রেকর্ড ১৪ বারের ফ্রেঞ্চ ওপেন বিজয়ী। তাঁকে বলা হয় 'ক্লে কোর্টের রাজা'। এবার রোলাঁ গারোয় তিনি ফিরলেন নতুন রূপে। কথা হচ্ছে স্প্যানিশ টেনিস তারকা রাফায়েল নাদালকে নিয়ে। অবসরের পর আসন্ন ফ্রেঞ্চ ওপেনে তাঁকে দেখা গেল নতুন ভূমিকায়। প্রতিযোগিতার অফিসিয়াল টিজারে শোনা গেল নাদালের কণ্ঠস্বর।

দু'দিন আগেই রোলাঁ গারোর ইউটিউব চ্যানেলে অফিসিয়াল টিজার প্রকাশিত হয়েছে। ৪৫ সেকেন্ডের সেই টিজারে ফ্রেঞ্চ ওপেনের বিভিন্ন স্মরণীয় ম্যাচের মুহূর্ত তুলে ধরা হয়েছে। সেই ভিডিওরই নেপথ্যে শোনা গিয়েছে নাদালের স্বর। ক্লে কোর্টে যে কঠিন চ্যালেঞ্জের মুখে খেলোয়াড়দের পড়তে হয়, সে কথাই উঠে এসেছে নাদালের কথায়।

উল্লেখ্য, এবার ফ্রেঞ্চ ওপেনে আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন নাদাল। তাঁকে প্রতিযোগিতা চলাকালীন সংবর্ধিত করা হবে। ফ্রেঞ্চ ওপেনের ডিরেক্টর অ্যামেলি মরেসমোর দাবি, একটু অন্যরকমভাবেই সংবর্ধনা দেওয়া হবে নাদালকে। মরেসমো বলেছেন, 'আমরা গত বছরই ওকে সংবর্ধিত করতে চেয়েছিলাম। তখন ও রাজি হয়নি। কারণ ও নিশ্চিত ছিল না সেটাই ও শেষ ফ্রেঞ্চ ওপেন কিনা। এখন যেহেতু ও অবসর নিয়েছে, তাই সংবর্ধনা দিতে কোনও বাধা নেই।'

২০২৪–এ চোট আঘাতকে সঙ্গী করেই টেনিস থেকে অবসর নেন ৩৮ বছর বয়সি এই টেনিস তারকা। গত বছর ফ্রেঞ্চ ওপেনের প্রথম রাউন্ডেই হেরে বিদায় নিয়েছিলেন নাদাল।

# অ্যালিসার মুখে ধরমশালার সেই আতঙ্ক

**আজকালের প্রতিবেদন:** ধরমশালার সেই ভয়ঙ্কর রাতের অভিজ্ঞতার কথা সামনে আনলেন অস্ট্রেলিয়ার মহিলা ক্রিকেটার অ্যালিসা হিলি। সম্পর্কে যিনি দিল্লি ক্যাপিটালসের পেসার মিচেল স্টার্কের স্ত্রী। মিসাইল হানার আশঙ্কা, দূরে এয়ার সাইরেনের আওয়াজ, খেলা স্থগিত করে পুরো স্টেডিয়াম খালি করে দেওয়া— সে যেন এক বিভীষিকা। দুঃস্বপ্ন। সম্প্রতি এক পডকাস্টে সেই নিয়েই কথা বলেছেন হিলি।

তাঁর কথায়, 'ভয়াবহ এক অভিজ্ঞতা। অন্য ক্রিকেটারদের পরিবারের সদস্যদের সঙ্গে আমি গ্র্যান্ড স্ট্যান্ডে বসে খেলা দেখছিলাম। হঠাৎ কিছু লাইট টাওয়ার নিভে গেল। ক্রিকেটার ও অতিরিক্ত সাপোর্ট স্টাফদের পরিবারের একটা বড় গ্রুপ বসে অপেক্ষা করছিলাম। এক মিনিট পর একটি লোক এসে বললেন, আমাদের এখনই বেরিয়ে যেতে হবে। ওই ব্যক্তির মুখ ছিল পুরো ফ্যাকাশে।'

এরপর হিলি আরও বলেন, 'ম্যাচ বাতিল ঘোষণার পর প্লেয়াররা তখন তাড়াহুড়ো করে বেরিয়ে আসছিল। আমি দেখলাম, সবাই ভীষণই উদ্বিগ্ন। ডুপ্লেসি পায়ে জুতো পর্যন্ত পরেনি। আমি স্টার্ককে জিজ্ঞাসা করলাম, এসব কী হচ্ছে? ও বলল, এখান থেকে ৬০ কিলোমিটার দূরের কোনও শহরে মিসাইল দেখা গিয়েছে। তাই পুরো এলাকা ব্ল্যাকআউট করে দেওয়া হয়েছে।'

উল্লেখ্য, এই ম্যাচ বাতিলের পরদিনই বিসিসিআই সাময়িকভাবে আইপিএল স্থগিত করে দেয়। আগামী ১৭ মে থেকে আবার শুরু হচ্ছে প্রতিযোগিতা।


যূকো বৈঁক UCO BANK

**বাঁকা ব্রাঞ্চ (১৭৯৯)**
দোকানিয়া মার্কেট, বাঁকা–৮১৩১০২, ফোন: ০৬৪২৪–২২২৫৩৮
ই–মেল: dokani@ucobank.co.in

**পরিশিষ্ট–IV [রুল ৮(১)]**
**দখল বিজ্ঞপ্তি**
**(স্থাবর সম্পত্তির জন্য)**

যেহেতু, ইউকো ব্যাঙ্ক–এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর {রুল নং ৩}–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (নং ৫৪/২০০২)–এর ১৩(১২) ধারা অনুযায়ী অর্পিত ক্ষমতাবলে নিম্নোক্ত ঋণগ্রহীতার প্রতি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত ওই ঋণগ্রহীতা/ জামিনদারের প্রতি জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসের রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৪) নং উপধারা অনুযায়ী অর্পিত ক্ষমতাবলে নীচে ঋণগ্রহীতার নামের পাশে লেখা তারিখে নিম্নবর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত ওই ঋণগ্রহীতা/ জামিনদারকে নিম্নবর্ণিত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও ধরনের লেনদেন নিম্নলিখিত অর্থাঙ্ক, পরবর্তীতে জমাকৃত অর্থাঙ্ক বাদে চুক্তিমাফিক হারে উদ্ভূত সুদ, আনুষঙ্গিক খরচাপাতি, মাশুল ও চার্জ ইত্যাদি সমেত ইউকো ব্যাঙ্ক–এর প্রতি দায় সাপেক্ষ হবে।
সুরক্ষিত পরিসম্পদগুলি ছাড়িয়ে নিতে উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার ৮ নং উপধারার সংস্থান মোতাবেক প্রাপ্য সময়সীমার প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

| ক্রম নং | ঋণগ্রহীতা/ জামিনদারের নাম ও ঠিকানা | স্থাবর সম্পত্তির বিবরণ | ক) দাবি বিজ্ঞপ্তির তারিখ<br>খ) দখল বিজ্ঞপ্তির তারিখ<br>গ) বকেয়া অর্থাঙ্ক |
|---|---|---|---|
| ১ | **১. মেসার্স গণেশ রাম দোকানিয়া**<br>(ক) (অফিসের ঠিকানা নং ১): অ্যাট– আলিগঞ্জ, পোঃঅঃ– বাঁকা, জেলা– বাঁকা, বিহার, পিন–৮১৩১০২<br>(খ) (অফিসের ঠিকানা নং ২): মাহারো মোড়, দুমকা দেওঘর রোড, দুমকা, ঝাড়খণ্ড, পিন–৮১৪১১০<br>(গ) (অফিসের ঠিকানা নং ৩): ফ্ল্যাট নং ২০৭, ফ্লোর নং ২, বাসুদেও বিহার অ্যাপার্টমেন্ট, পরমানন্দ পাথ, নাগেশ্বর কলোনি, বোরিং রোড, পটনা, বিহার, পিন–৮০০০০১<br>**২. মিঃ কৃষ্ণ কুমার দোকানিয়া (অংশীদার তথা জামিনদার), পিতা– প্রয়াত গণেশ রাম দোকানিয়া,** ফ্ল্যাট নং ২ডি, ফ্লোর নং ২, আইডিয়াল গার্ডেনস, ২০, ম্যান্ডেভিলা গার্ডেন, বালিগঞ্জ এসও, কলকাতা–৭০০০১৯, পশ্চিমবঙ্গ<br>**৩. মিসেস প্রিয়াংশু দোকানিয়া (অংশীদার তথা জামিনদার), স্বামী– মিঃ কৃষ্ণ কুমার দোকানিয়া,** ফ্ল্যাট নং ২ডি, ফ্লোর নং ২, আইডিয়াল গার্ডেনস, ২০, ম্যান্ডেভিলা গার্ডেন, বালিগঞ্জ এসও, কলকাতা–৭০০০১৯, পশ্চিমবঙ্গ<br>**৪. মিঃ অভিষেক শর্মা (অংশীদার তথা জামিনদার), পিতা– মিঃ কেশরদেও শর্মা,** টাউন হল রোড, আলিগঞ্জ, বাঁকা, বিহার, পিন–৮১৩১০২<br>**৫. মিসেস বিমলা দেবী দোকানিয়া (জামিনদার), স্বামী– প্রয়াত গণেশ রাম দোকানিয়া,** ফ্ল্যাট নং ১ডি, আইডিয়াল গার্ডেনস, ২০, ম্যান্ডেভিলা গার্ডেন, বালিগঞ্জ এসও, কলকাতা–৭০০০১৯, পশ্চিমবঙ্গ<br>**৬. মিঃ সুভাষ কুমার পাণ্ডে (জামিনদার), পিতা– মিঃ নিত্যানন্দ পাণ্ডে,** নিবাস: বাবুতলা, বাঁকা, জেলা– বাঁকা, পিন–৮১৩১০২<br>**৭. মিঃ সঞ্জয় কুমার গিরি (জামিনদার), পিতা– শ্রী সকল দেও গিরি,** নিবাস: আলিগঞ্জ, বাঁকা, জেলা– বাঁকা, পিন–৮১৩১০২<br>**৮. মিঃ ধীরেন্দ্র কুমার সিং (জামিনদার), পিতা– প্রয়াত বাসুদেও প্রসাদ সিং,** নিবাস: বাবুতলা, বাঁকা, জেলা– বাঁকা, পিন–৮১৩১০২ | (১) নিম্নোক্ত স্থাবর সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার মধ্যে অন্তর্ভুক্ত আবাসিক ফ্ল্যাট/ অ্যাপার্টমেন্ট, যেটির ইউনিট নং ১ডি, ফার্স্ট ফ্লোর, আইডিয়াল গার্ডেনস, ২০, ম্যান্ডেভিলা গার্ডেনস, বালিগঞ্জ, কলকাতা, রেজিস্ট্রেশন সাব ডিস্ট্রিক্ট– শিয়ালদা, জেলা– দক্ষিণ ২৪ পরগনা।<br>অন্যান্য বিশদ তথ্য এখানে নীচে দেওয়া হল: (সারণি ১)<br>(২) নিম্নোক্ত স্থাবর সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার মধ্যে অন্তর্ভুক্ত আবাসিক ফ্ল্যাট/ অ্যাপার্টমেন্ট, যেটির ইউনিট নং ২ডি, সেকেন্ড ফ্লোর, আইডিয়াল গার্ডেনস, ২০, ম্যান্ডেভিলা গার্ডেনস, বালিগঞ্জ, কলকাতা, রেজিস্ট্রেশন সাব ডিস্ট্রিক্ট– শিয়ালদা, জেলা– দক্ষিণ ২৪ পরগনা।<br>অন্যান্য বিশদ তথ্য এখানে নীচে দেওয়া হল: (সারণি ২) | ক) ১০.০২.২০২৫<br>খ) ১৩.০৫.২০২৫<br>গ) ₹৩৯,৯২,৮৯,৮২৮.৯২ (উনচল্লিশ কোটি বিরানব্বই লক্ষ উননব্বই হাজার আটশো আঠাশ টাকা এবং বিরানব্বই পয়সা মাত্র), ১০.০২.২০২৫ অনুসারে (৩০.০৬.২০২২ পর্যন্ত সুদ ধরে) + পরবর্তীতে উদ্ভূত সুদ, আনুষঙ্গিক খরচ, মাশুল, চার্জ ইত্যাদি |

(১)

| কনভেয়ান্স দলিল নং | স্বত্বাধিকারীর নাম | মৌজা | থানা নং | তৌজি নং | হোল্ডিং নং | ফ্ল্যাট নং | পরিমাপ |
|---|---|---|---|---|---|---|---|
| ১৩৩৩, তারিখ: ০১.০২.২০০৬ | বিমলা দেবী দোকানিয়া | পূর্ব গুড়সবা নং ১২৯৮ | – | – | ৬, ৭ ও ১০ | ১ডি | ২২১৯ বর্গফুট |
| চৌহদ্দি | উত্তর– প্রেমিসেস নং ১৮বি এবং ১৮সি, ম্যান্ডেভিলা গার্ডেনস | | | দক্ষিণ– প্রেমিসেস নং ২২এ এবং ২২বি, ম্যান্ডেভিলা গার্ডেনস | | | |
| | পূর্ব– ১৫, একডালিয়া রোড | | | পশ্চিম– ম্যান্ডেভিলা গার্ডেনস নামক পুর–রাস্তা | | | |

(২)

| কনভেয়ান্স দলিল নং | স্বত্বাধিকারীর নাম | মৌজা | থানা নং | তৌজি নং | হোল্ডিং নং | ফ্ল্যাট নং | পরিমাপ |
|---|---|---|---|---|---|---|---|
| ১৩৩১, তারিখ: ০১.০২.২০০৬ | প্রিয়াংশু দোকানিয়া | পূর্ব গুড়সবা নং ১২৯৮ | – | – | ৬, ৭ ও ১০ | ২ডি | ২২৪৯ বর্গফুট |
| চৌহদ্দি | উত্তর– প্রেমিসেস নং ১৮বি এবং ১৮সি, ম্যান্ডেভিলা গার্ডেনস | | | দক্ষিণ– প্রেমিসেস নং ২২এ এবং ২২বি, ম্যান্ডেভিলা গার্ডেনস | | | |
| | পূর্ব– ১৫, একডালিয়া রোড | | | পশ্চিম– ম্যান্ডেভিলা গার্ডেনস নামক পুর–রাস্তা | | | |

**তারিখ: ১৩.০৫.২০২৫; স্থান: কলকাতা**

**অনুমোদিত আধিকারিক, ইউকো ব্যাঙ্ক**



Since 1760 Lewis Berger Paint your imagination

100 YEARS OF TRUST

# বার্জার পেইন্টস ইন্ডিয়া লিমিটেড

[CIN : L51434WB1923PLC004793]

রেজিস্টার্ড অফিস ঃ বার্জার হাউস, ১২৯ পার্ক স্ট্রীট, কলকাতা-৭০০ ০১৭
কর্পোরেট অফিস ঃ বার্জার হাউস (নিউ), প্লট নং সিএফ৪, এ্যাকশন এরিয়া
১সি নিউ টাউন, উত্তর ২৪ পরগণা, নিউ টাউন, পশ্চিমবঙ্গ - ৭০০ ১৫৬
ফোন নং ঃ ৯১৪৭৭২০৮০০; ওয়েবসাইট ঃ www.bergerpaints.com
ই-মেল ঃ consumerfeedback@bergerindia.com

## ৩১ মার্চ, ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও বার্ষিক সমন্বিত নিরীক্ষিত আর্থিক ফলাফলের সারাংশ

(কোটি টাকায়)

| ক্রম নং. | বিবরণাদি | ৩১.০৩.২০২৫ তারিখে সমাপ্ত তিনমাস (নিরীক্ষিত) | ৩১.১২.২০২৪ তারিখে সমাপ্ত তিনমাস (অনিরীক্ষিত) | ৩১.০৩.২০২৪ তারিখে সমাপ্ত তিনমাস (নিরীক্ষিত) | ৩১.০৩.২০২৫ তারিখে সমাপ্ত বছর (নিরীক্ষিত) | ৩১.০৩.২০২৪ তারিখে সমাপ্ত বছর (নিরীক্ষিত) |
|---|---|---|---|---|---|---|
| ১ | কাজকর্ম থেকে মোট আয় | ২,৭০৪.০৩ | ২,৯৭৫.০৬ | ২,৫২০.২৮ | ১১,৫৪৪.৭১ | ১১,১৯৮.৯২ |
| ২ | এই সময়ের জন্য (কর, ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ বিষয়সমূহের আগে) নীট লাভ / (ক্ষতি) | ৩৪৯.৯৩ | ৩৯৪.৪১ | ২৯৪.০৫ | ১,৫৬৮.৪৭ | ১,৫৫৬.৮৯ |
| ৩ | এই সময়ের জন্য করের আগে (ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ বিষয়সমূহের পর) নীট লাভ / (ক্ষতি) | ৩৪৯.৯৩ | ৩৯৪.৪১ | ২৯৪.০৫ | ১,৫৬৮.৪৭ | ১,৫৫৬.৮৯ |
| ৪ | এই সময়ের জন্য করের পরে (ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ বিষয়সমূহের পর) নীট লাভ / (ক্ষতি) | ২৬২.৯১ | ২৯৫.৯৭ | ২২২.৬২ | ১,১৮২.৮১ | ১,১৬৯.৮২ |
| ৫ | এই সময়ের জন্য মোট সামগ্রিক আয় [এই সময়ের জন্য (করের পর) সমন্বিত লাভ / (ক্ষতি) এবং অন্য সামগ্রিক আয় (করের পর)] | ২৫৩.৮৯ | ৩০৭.৭৭ | ২২১.৪৯ | ১,১৭৯.৪৮ | ১,১৯২.১১ |
| ৬ | পরিশোধিত ইক্যুইটি শেয়ার মূলধন (ফেস ভ্যালু ১ টাকা) | ১১৬.৫৯ | ১১৬.৫৮ | ১১৬.৫৮ | ১১৬.৫৯ | ১১৬.৫৮ |
| ৭ | রিজার্ভ (পুনর্মূল্যায়ন রিজার্ভ ব্যতীত) | | | | ৬,০৩৭.৫১ | ৫,২৬২.৩৯ |
| ৮ | সিকিউরিটিজ প্রিমিয়াম | ১১৮.৮৫ | ১১৪.৯৭ | ১১৩.২১ | ১১৮.৮৫ | ১১৩.২১ |
| ৯ | শেয়ার প্রতি আয় (প্রতিটি ১/- টাকার) (বার্ষিকীকৃত নয়#) | | | | | |
| | মৌলিক (টাকায়) | ২.২৫# | ২.৫৩# | ১.৯১# | ১০.১৩ | ১০.০২ |
| | মিশ্রিত (টাকায়) | ২.২৫# | ২.৫৩# | ১.৯০# | ১০.১২ | ১০.০২ |

দ্রষ্টব্য ঃ

১. স্বতন্ত্র আর্থিক ফলাফলের অতিরিক্ত তথ্য ঃ

(কোটি টাকায়)

| ক্রম নং. | বিবরণাদি | ৩১.০৩.২০২৫ তারিখে সমাপ্ত তিনমাস (নিরীক্ষিত) | ৩১.১২.২০২৪ তারিখে সমাপ্ত তিনমাস (অনিরীক্ষিত) | ৩১.০৩.২০২৪ তারিখে সমাপ্ত তিনমাস (নিরীক্ষিত) | ৩১.০৩.২০২৫ তারিখে সমাপ্ত বছর (নিরীক্ষিত) | ৩১.০৩.২০২৪ তারিখে সমাপ্ত বছর (নিরীক্ষিত) |
|---|---|---|---|---|---|---|
| ১ | কাজকর্ম থেকে মোট আয় | ২,৩৪৭.৪৫ | ২,৫৮৪.৭৬ | ২,২৪৯.১৪ | ১০,১৬৯.২২ | ১০,০০২.৯৩ |
| ২ | এই সময়ের জন্য (কর, ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ বিষয়সমূহের আগে) নীট লাভ / (ক্ষতি) | ৩১৭.৮৯ | ৩৯৪.৫১ | ২৪৬.০১ | ১,৪৩০.৭৪ | ১,৩৬৭.৪৬ |
| ৩ | এই সময়ের জন্য করের আগে (ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ বিষয়সমূহের পর) নীট লাভ / (ক্ষতি) | ৩১৭.৮৯ | ৩৯৪.৫১ | ২৪৬.০১ | ১,৪৩০.৭৪ | ১,৩৬৭.৪৬ |
| ৪ | এই সময়ের জন্য করের পরে (ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ বিষয়সমূহের পর) নীট লাভ / (ক্ষতি) | ২৩৬.৯২ | ৩০৬.০৮ | ১৮১.৫৯ | ১,০৭৭.৫০ | ১,০১৫.০৫ |
| ৫ | এই সময়ের জন্য মোট সামগ্রিক আয় [এই সময়ের জন্য (করের পর) সমন্বিত লাভ / (ক্ষতি) এবং অন্য সামগ্রিক আয় (করের পর)] | ২৩৬.৫৩ | ৩০৭.৫৮ | ১৮১.৭৭ | ১,০৭৭.৭২ | ১,০১৫.১৯ |
| ৬ | পরিশোধিত ইক্যুইটি শেয়ার মূলধন (ফেস ভ্যালু ১ টাকা) | ১১৬.৫৯ | ১১৬.৫৮ | ১১৬.৫৮ | ১১৬.৫৯ | ১১৬.৫৮ |
| ৭ | রিজার্ভ (পুনর্মূল্যায়ন রিজার্ভ ব্যতীত) | | | | ৫,৫৬৪.৪৭ | ৪,৮৮৮.৬৬ |
| ৮ | সিকিউরিটিজ প্রিমিয়াম | ১১৮.৮৫ | ১১৪.৯৭ | ১১৩.২১ | ১১৮.৮৫ | ১১৩.২১ |
| ৯ | শেয়ার প্রতি আয় (প্রতিটি ১/- টাকার) (বার্ষিকীকৃত নয়#) | | | | | |
| | মৌলিক (টাকায়) | ২.০৩# | ২.৬৩# | ১.৫৬# | ৯.২৪ | ৮.৭১ |
| | মিশ্রিত (টাকায়) | ২.০৩# | ২.৬২# | ১.৫৬# | ৯.২৪ | ৮.৭১ |

২. উপরোক্ত ফলাফলগুলি, অডিট কমিটি দ্বারা পর্যালোচিত হওয়ার পর, ১৪ মে, ২০২৫ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের সভায় অনুমোদিত এবং রেকর্ডে গৃহীত হয়েছে।

৩. উপরোক্তটি হল সেবি (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩-এর অধীনে স্টক এক্সচেঞ্জে দাখিল করা বার্ষিক আর্থিক ফলাফলের বিশদ বিন্যাসের একটি সারাংশ। ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সম্পূর্ণ বয়ান স্টক এক্সচেঞ্জ সমূহের ওয়েবসাইট http://www.nseindia.com এবং http://www.bseindia.com ও কোম্পানির ওয়েবসাইট https://www.bergerpaints.com-এ উপলব্ধ।

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ১৪ মে, ২০২৫

পরিচালক পর্ষদের আদেশানুসারে
অভিজিৎ রায়
ম্যানেজিং ডিরেক্টর এবং সিইও
(ডিআইএন ঃ ০৩৪৩৯০৬৪)

# Bullish on bots

The concluding part of the series talks about how Agentic AI is changing customer support services

SHELLEY SINGH
New Delhi, 14 May

This summer, while calling the air conditioning service centre, Delhi-based Anna Mittal braced herself for another frustrating encounter with a chatbot. In the past, she had been trapped in an endless loop of scripted replies, her requests met with robotic indifference. No matter how she phrased her issue, the bot simply didn't *get* her.

But this time, something had changed. The AI understood her concern, caught on to her frustration, and responded with solutions that actually made sense. No longer a roadblock, it felt like a true assistant — one that *listened*.

Now, Anna is bullish on bots!

MAN & MACHINE PART-II

Once dominated by call centres and interactive voice response (IVR) systems, the engagement between companies and customers is undergoing a rapid upgrade, adapting to technological advancements and evolving customer expectations.

The future of customer support is now being shaped by agentic AI, a breakthrough technology that goes beyond scripted responses to anticipate needs, personalise interactions, and solve complex problems with minimal human intervention. Agentic AI is redefining what it means to provide support — creating a future where machines don't just respond, but truly understand.

What started with IVR, and then evolved into clunky chatbots, is now being reimagined by intelligent AI agents that think, speak, and act almost like humans. As a result, a quiet revolution is under way across industries, redefining how businesses engage with their customers.

Hundreds of companies, from quick commerce to hardware, pharma, banks, and others such as Zepto, Lenovo, Panasonic, Tata Play, Cipla, Sony and HDFC Bank, are turning to AI-powered agents that don't just respond — but resolve. These virtual assistants are no longer mere gatekeepers to answer calls and escalate to human agents. They are trained to understand nuance, manage complex queries, and trigger actions that once required human judgement.

"Traditional systems like IVRs and early chatbots were essentially tools to buy time until a human agent got free to resolve queries," says Rashid Khan, co-founder and chief product officer at Yellow.ai. "Today, AI agents not only sound human — they behave like them."

San Mateo, USA-headquartered Yellow.ai automates customer and employee service for enterprises — on multiple channels like voice, chat, email and more. Backed by Lightspeed, Salesforce Ventures, Sapphire Ventures & WestBridge Capital, it claims over 1,300 customers in several countries, with 700-plus in India, including Sony, Axis Bank, Hindustan Unilever, Domino's, Hyundai Motors, Tata Motors, ITC Ltd, Asian Paints and Birla Corporation. The company has offices in India, Singapore, UAE, Indonesia and Malaysia as well.

### Exit chatbots, enter AI agents

The shift is both technical and cultural. Unlike rule-based chatbots that fumbled when customers strayed off-script, AI agents powered by generative and agentic AI handle dynamic conversations with ease. They tap into historical data, anticipate needs, and act autonomously across enterprise systems.

Lenovo's virtual assistant, Lena, for instance, now handles 19 per cent more queries than it did three years ago. Nitin Garg, director and head of service support, Lenovo India, says, "We foresee an additional 25 per cent automation by FY26-27."

At Panasonic India, 40 per cent of service interactions are handled via bots, up from 20 per cent in 2020. Cipla's AI agents resolve 95 per cent of customer queries without human intervention, supporting over 500,000 users every month.

Earlier chatbots were stuck at answering FAQs. Now, "modern (AI-led) agents have access to extensive knowledge bases and learn from interactions to improve responses," says Jai Ganesh, chief product officer, digital transformation solutions, Harman, which makes a range of audio, video and connected experiences products.

One of AI's biggest selling points is its scalability. AI agents can engage thousands of customers simultaneously — across WhatsApp, web chat, voice, or email — without ever needing a coffee break.

"Consumers today expect instant resolution. They don't care if it's a human or a machine, as long as it's accurate," says Ganesh Gopalan, CEO of Gnani.ai, a Bengaluru-based, Samsung-backed voice AI platform started in 2016 by engineers who earlier worked at chipmaker Texas Instruments. "For many tasks — like checking delivery status, processing refunds, or sending reminders — it no longer makes sense to use humans," Gopalan adds.

Exotel, also Bengaluru based, which powers customer support functions for those like the Bajaj Group, Future Generali, Piramal Group, ICICI Bank, has seen AI handle 30-40per cent of voice and digital interactions. "In one case, a food aggregator was spending $0.5 million a month answering customer calls," says Sachin Bhatia, co-founder and chief growth officer at Exotel. Deploying voice AI to answer queries brought its support costs down by 40 per cent, he adds.

### Agentic AI: The next frontier

While generative AI mimics human language, agentic AI takes things further by reasoning and taking autonomous action.

Zepto, the fast-growing quick commerce company, is betting big on this. "Our agentic AI handles 60 per cent of all support tickets (user queries and feedback)," says Zepto's Chief Technology Officer Nikhil Mittal. "From order details and cancellations to refunds, our bots act like human agents — but they do it faster, more accurately and at scale."

Agentic AI is also transforming internal operations. At banks and financial institutions, it's being used to screen leads, qualify prospects, and even assist in reconciliation tasks — areas traditionally manned by large teams.

"The new norm is not just automation — it's intelligent delegation," says Preeti Anand, partner at EY India. "AI is becoming a business enabler, not just a cost-cutter."

The return on investment (RoI) from AI agents isn't just anecdotal. Businesses report a fall in cost per interaction, higher customer satisfaction scores, and significant operational savings.

Tata Play reduced resolution time by 40 per cent using Nextiva's Unified Customer Experience Management platform. Nextiva, an Arizona, US-based company has its largest R&D centre outside the US in Bengaluru. It has 1,600 employees and 100,000 clients, including small, medium and large companies.

"AI elevates human intelligence," says Tomas Gorny, co-founder and CEO, Nextiva. "It remembers, reasons, and helps agents be more effective." Users of Nextiva's platforms in India include Tata Play, ITC, Cred, Upgrad, PhonePe, Meesho, Kotak Securities and others. "Companies no longer compete on price or product alone — it's the experience that differentiates," adds Gorny.

Besides cost savings, there's considerable reduction in the time customers spend on calls. Nextiva estimates that about half-a-minute is saved in a three-minute conversation due to automated systems.

"Most of our clients see a 30-40 per cent drop in overall operational costs within months of deployment," says Khan of Yellow.ai. "But the bigger win is customer retention. Faster, better service leads to stickier users."

### Humans still matter

Despite the AI surge, experts agree that human agents aren't going extinct — they're evolving. Their roles are shifting from first responders to last-mile specialists — handling escalations, sensitive cases, and emotionally complex interactions.

"Think of AI as a co-pilot," says Gopalan of Gnani.ai. "It takes care of the repetitive stuff so humans can focus on higher-value work."

Lenovo, which has doubled its support headcount since 2020, confirms this dual trend. While automated systems now resolve more issues, the company has also ramped up hiring to match rising product categories, including tablets, notebooks, smartphones and customer expectations.

Panasonic's AI platform, called Miraie, offers another example of synergy. The app not only guides users but integrates warranty, spare parts, and voice support — escalating to human agents only when necessary.

### India: Contact centre of the future

India, long the global hub for contact centres, is at the epicentre of this agentic AI-led transformation. With over 1.5 million call centre agents today — up from around 800,000 five years ago — the country is racing to upgrade its service workforce. The increase in employee headcount is mostly due to business expansion across categories, including mobile, air cons, computers, TVs etc, in the last decade.

AGENTIC AI GOES BEYOND SCRIPTED RESPONSES TO ANTICIPATE NEEDS, PERSONALISE INTERACTIONS, AND SOLVE PROBLEMS WITH MINIMAL HUMAN INTERVENTION

Many of the human agents are transitioning to new roles. "Prompt engineering specialists" and "conversational designers" are becoming buzzwords as companies hire those who understand customer psychology to train AI. "The market is shifting," says Gopalan. "In three to five years, we won't see a massive drop in headcount, but roles will definitely evolve."

What lies ahead is a blended reality — where machines handle routine tasks, co-pilot human agents during conversations, and step aside when emotional intelligence is needed.

"Soon, you won't even realise whether you're talking to a bot or a human," says Arun Chandrasekaran, vice president, Analyst at Gartner. "That's when we'll know AI has truly arrived."

Industry players agree the future of customer interaction won't be about humans versus machines. It'll be about humans with machines — working together to create faster, more empathetic, and context-aware service.

"The contact centre will shift towards a hybrid mode, with humans collaborating with AI," says Ganesh of Harman.

AI is indeed becoming the face of brand experience.

The writer is a New Delhi-based independent journalist

## Contact centres to AI centres

- By 2029, agentic AI will autonomously resolve 80% of common customer service issues without human intervention, leading to a 30% reduction in operational costs
- While previous AI models were limited to generating text or summarising interactions, agentic AI systems can act autonomously to complete tasks
- Both customers and organisations will leverage this technology to automate interactions through the use of AI agents and bots
- The future is a blended reality — machines handle routine tasks and co-pilot human agents during conversations, and step aside when emotional intelligence is needed

Source: Gartner/industry

## BERGER PAINTS INDIA LIMITED

Since 1760 Berger Paint your imagination — 100 YEARS OF TRUST

[CIN : L51434WB1923PLC004793]
Registered Office: Berger House, 129, Park Street, Kolkata-700 017
Corporate Office : Berger House (New), Plot No. CF4, Action Area 1C New Town, North 24 Parganas, New Town, West Bengal-700 156
Ph No.: 9147720400; Website: www.bergerpaints.com
E-mail: consumerfeedback@bergerindia.com

### EXTRACT OF THE AUDITED CONSOLIDATED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND YEAR ENDED 31ST MARCH, 2025

(₹ Crores)

| Sl. No. | Particulars | Quarter Ended 31.03.2025 (Audited) | Quarter Ended 31.12.2024 (Unaudited) | Quarter Ended 31.03.2024 (Audited) | Year Ended 31.03.2025 (Audited) | Year Ended 31.03.2024 (Audited) |
|---|---|---|---|---|---|---|
| 1 | Total Income from Operations | 2,704.03 | 2,975.06 | 2,520.28 | 11,544.71 | 11,198.92 |
| 2 | Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional and / or Extraordinary items) | 349.93 | 394.41 | 294.05 | 1,568.47 | 1,556.89 |
| 3 | Net Profit / (Loss) for the period before Tax (after Exceptional and / or Extraordinary items) | 349.93 | 394.41 | 294.05 | 1,568.47 | 1,556.89 |
| 4 | Net Profit / (Loss) for the period after Tax (after Exceptional and / or Extraordinary items) | 262.91 | 295.97 | 222.62 | 1,182.81 | 1,169.82 |
| 5 | Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)] | 253.89 | 307.77 | 221.49 | 1,179.48 | 1,192.11 |
| 6 | Paid up Equity Share Capital [Face Value ₹ 1/-] | 116.59 | 116.58 | 116.58 | 116.59 | 116.58 |
| 7 | Reserves (excluding Revaluation Reserve) | | | | 6,037.51 | 5,262.39 |
| 8 | Securities Premium | 118.85 | 114.97 | 113.21 | 118.85 | 113.21 |
| 9 | Earnings Per Share (of ₹ 1/- each) (Not Annualised#) | | | | | |
| | Basic (in ₹) | 2.25# | 2.53# | 1.91# | 10.13 | 10.02 |
| | Diluted (in ₹) | 2.25# | 2.53# | 1.90# | 10.12 | 10.02 |

**Notes :**

1. Additional information on Standalone Financial Results:

(₹ Crores)

| Sl. No. | Particulars | Quarter Ended 31.03.2025 (Audited) | Quarter Ended 31.12.2024 (Unaudited) | Quarter Ended 31.03.2024 (Audited) | Year Ended 31.03.2025 (Audited) | Year Ended 31.03.2024 (Audited) |
|---|---|---|---|---|---|---|
| 1 | Total Income from Operations | 2,347.45 | 2,584.76 | 2,249.14 | 10,169.22 | 10,002.93 |
| 2 | Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional and / or Extraordinary items) | 317.89 | 394.51 | 246.01 | 1,430.74 | 1,367.46 |
| 3 | Net Profit / (Loss) for the period before Tax (after Exceptional and / or Extraordinary items) | 317.89 | 394.51 | 246.01 | 1,430.74 | 1,367.46 |
| 4 | Net Profit / (Loss) for the period after Tax (after Exceptional and / or Extraordinary items) | 236.92 | 306.08 | 181.59 | 1,077.50 | 1,015.05 |
| 5 | Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)] | 236.53 | 307.58 | 181.77 | 1,077.72 | 1,015.19 |
| 6 | Paid up Equity Share Capital [Face Value ₹ 1/-] | 116.59 | 116.58 | 116.58 | 116.59 | 116.58 |
| 7 | Reserves (excluding Revaluation Reserve) | | | | 5,564.47 | 4,888.66 |
| 8 | Securities Premium | 118.85 | 114.97 | 113.21 | 118.85 | 113.21 |
| 9 | Earnings Per Share (of ₹ 1 /- each) (Not Annualised#) | | | | | |
| | Basic: (in ₹) | 2.03# | 2.63# | 1.56# | 9.24 | 8.71 |
| | Diluted: (in ₹) | 2.03# | 2.62# | 1.56# | 9.24 | 8.71 |

2. The above results, as reviewed by the Audit Committee, were approved and taken on record by the Board of Directors at its meeting held on 14th May, 2025.
3. The above is an extract of the detailed format of Annual Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the quarterly Unaudited Financial Results are available on the websites of Stock Exchanges at **http://www.nseindia.com** and **http://www.bseindia.com** and also on the Company's website at **https://www.bergerpaints.com** .

Place: Kolkata
Date : 14th May, 2025

**For and on behalf of the Board of Directors**
**Abhijit Roy**
**Managing Director & CEO**
**(DIN : 03439064)**